মুজিবনগরে বাগোয়ান ওয়ার্ড আওয়ামীলীগের মতবিনিময় ও প্রতিবাদ সভা

মেহেরপুরের মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়নের ওয়ার্ড আওয়ামীলীগের উদ্যোগে মুজিবনগর উপজেলা আওয়ামীলীগের সভাপতি ও উপজেলা চেয়ারম্যান জিয়াউদ্দীন বিশ্বাস এর বিরুদ্ধে নিজ দলের কিছু কুচক্রী মহল, ষড়যন্ত্রকারী নানা মিথ্যা ও বানোয়াট কথা রটানোর বিরুদ্ধে মতবিনিময় ও প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়েছে।

শনিবার বিকেলে মানিকনগর ডি এস আমিনিয়া মাদ্রাসা প্রঙ্গনে এই মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

মতবিনিময় অনুষ্ঠানে বাগোয়ান ইউনিয়নের ১ নং ওয়ার্ড আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ফিতাজ মল্লিক এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্হিত ছিলেন মুজিবনগর উপজেলা আওয়ামীলীগের সভাপতি ও উপজেলা চেয়ারম্যান জিয়াউদ্দীন বিশ্বাস।

বিশেষ অতিথি হিসাবে উপস্হিত ছিলেন, বাগোয়ান ইউপি আওয়ামীলীগের সাবেক সাধারণ সম্পাদক ও কেদারগন্জ বাজার কমিটির সভাপতি কুতুব উদ্দীন মল্লিক।

উপস্হিত থেকে বক্তব্য রাখেন বিভিন্ন ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি আহসান মোল্লা, জাহাঙ্গীর হোসেন, উলফাত শেখ,নজরুল ইসলাম, সুজিত মন্ডল, জাহিদ হোসেন, সম্পাদক রাহাতুল্লাহ, কামাল হোসেন, বাগোয়ান ইউনিয়ন যুবলীগের সভাপতি আজিজুল রহমান মোংলা, সম্পাদক বাবুল মল্লিক, বাগোয়ান ইউপি সদস্য আনোয়ারুল ইসলাম, দিলিপ মল্লিক, সোহরাব উদ্দীন, কাজী কোমর উদ্দীন সেলিম, বাগোয়ান ইউনিয়নের ৯ টি ওয়াডের বিপুল সংখ্যাক আওয়ামীলীগ, যুবলীগ,ছাত্রলীগের নেতৃবৃন্দ এ সময় উপস্থিত ছিলেন।

গাংনীতে খেজুর গাছ কাটা নিয়ে ব্যস্ত গাছিরা

মেহেরপুর জেলার গাংনী উপজেলার জুগীন্দা গ্রামের মৃত সামছদ্দীনের ছেলে মকলেচু রহমান, বিগত ১০বছর যাবত নিজের জমিতে লাগানো ৫০টি খেজুর গাছ কাটে রস ও গুড় বিক্রয় করে। প্রতিদিন ১০-১২ কেজি গুড় হয়। প্রতি কেজি ১৪০টাকা দরে বিক্রয় করে।

বাংলা কার্তিক মাসে শীতের আমেজ পড়লেই গাছে কাটার প্রস্ততি শুরু করেন। অগ্রহায়ণ মাস থেকে শুরু করে চৈত্র মাসের মাঝামাঝি পর্যন্ত খেজুর গাছ থেকে রস সংগ্রহ করেন।

গাংনী বিভিন্ন এলাকা ঘুরে দেখা যায় বর্তমান খেজুর গাছের পরিমাণ দিন দিন কমে যাচ্ছে,গাচ্ছিদের সংখ্যাও কমে আসছে দিন দিন অনেক গাছি বলেন, সরকারী সাম্যন্য সাহায্য সহযোগিতা পেলেও খেজুরের গুড় তৈরীতে আগ্রহী হবেন অনেক, দেশের চাহিদা মিটিয়ে রপ্তানি সম্ভব হবে বাইরের দেশেও। জীবন-জীবিকা নির্বাহ করে থাকে।

প্রতিদিন রস জালিয়ে গুড়করে বিক্রয় মেহেরপুর জেলার বিভিন্ন গ্রামের বিভিন্ন শ্রেনী পেশার মানুষেরা মকলেচুরের কাছে থেকে গুড় সংগ্রহ করে থাকে।

ডা: আবু তাহের সিদ্দিক জানান, আমি প্রতি বছর আমার পরিবারের জন্য মকলেচুরে কাছে থেকে খেজুর গুড় নিয়ে থাকি সবচেয়ে বড় কথা তার কাছে নির্ভেজাল গুড় পাওয়া যায়।

গাংনী সরকারী ডিগ্রী কলেজের অধ্যক্ষ মনিরুল ইসলাম জানান বর্তমান সময়ে সস্পৃর্ণ নির্ভেজাল গুড় পাওয়া প্রায় অসম্ভব। তার পরেও মকলেচুরের কাছে নির্ভেজাল গুড় পাওয়া যায়।

মেহেরপুর ইয়ুথ কনফারেন্স এর আহবায়ক কমিটি গঠন

আজ(০৭ই নভেম্বর ২০২০) গাংনী দি হাঙ্গার প্রজেক্ট এরিয়া অফিসে আহবায়ক কমিটি গঠন করা হয়।

সকলের আলোচনার ভিত্তিতে মেহেরপুর জেলা কো-অর্ডিনেটর ফিরোজ আহমেদ পলাশকে আহবায়ক ও আশিক আলীকে সদস্য সচিব করে ১৩ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়।

উল্লেখ্য আগামী বছর ২০ই ডিসেম্বর ২০২০ইং তারিখে মেহেরপুর ইয়ুথ কনফারেন্সে (MYC) করার সিধান্ত নিয়েছে আহবায়ক কমিটি। রেজিষ্ট্রেশন ফি নির্ধারণ করেছে ১৫০৳ টাকা মাত্র।

এ সময় উপস্থিত ছিলেন, ইয়ুথ এন্ডিং হাঙ্গার বাংলাদেশ এর সাবেক আঞ্চলিক সমন্বয়কারী মাহফুজ রাব্বি অনিক, বর্তমান আঞ্চলিক সমন্বয়কারী রাকিবুল ইসলাম রকি, দি হাঙ্গার প্রজেক্ট উপজেলা সমন্বয়কারী হেলাল উদ্দিন সহ, এছাড়া মেহেরপুর জেলার বিভিন্ন ইউনিটের ইয়ুথ লিডারবৃন্দ।

মেহেরপুরে নতুন করে পাঁচ জন করোনায় আক্রান্ত

মেহেরপুরে নতুন করে আজ পাঁচ জন করোনায় আক্রান্ত হয়েছেন বলে মেহেরপুর সিভিল সার্জন মেহেরপুর প্রতিদিন কে নিশ্চিত করেছেন।

এ নিয়ে জেলায় মোট আক্রান্ত হলেন ৬৮০ জন।

নতুন প্রাপ্ত রিপোর্টের সংখ্যা- ০৯ টি। এর মধ্যে ০৫ টি পজিটিভ।

এ পর্যন্ত মোট প্রাপ্ত রিপোর্টের সংখ্যা- ৪৬৪৫ টি। এর মধ্যে করোনা পজেটিভ ৬৮০ টি।

মেহেরপুর জেলায় বর্তমানে পজিটিভ কেইস এর সংখ্যা ২৯ টি (সদরে- ২১, গাংনীতে- ০৫ ও মুজিবনগরে- ০৩) জন। এ পর্যন্ত জেলায় করোনা আক্রান্ত হয়ে মৃত্যু হয়ে- ১৬ জনের। এ পর্যন্ত সুস্থ হয়েছে ৫৮১ জন।

গাংনীতে ৪৯তম জাতীয় সমবায় দিবস পালন

মেহেরপুরের গাংনীতে ৪৯তম জাতীয় সমবায় দিবস পালন করা হয়েছে।

এ উপলক্ষে শনিবার সকালে গাংনী উপজেলা পরিষদ সভা কক্ষে গাংনী উপজেলা প্রশাসন ও সমবায় অফিস যৌথভাবে “বঙ্গবন্ধুর দর্শন, সমবায়ে উন্নয়ন” শীর্ষক আলোচনা সভার আয়োজন করা হয়।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার আর এম সেলিম শাহনেওয়াজ এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান এম এ খালেক।

প্রতিপাদ্য বিষয়ের উপর মূল আলোচক ছিলেন মেহেরপুর সরকারি কলেজের সহযোগী অধ্যাপক আবদুল্লাহ আল আমিন ধুমকেতু।

বিশেষ অতিথি ছিলেন গাংনী উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান রাশেদুল ইসলাম জুয়েল ও ফারহানা ইয়াছমিন।

এছাড়া বক্তব্য রাখেন আওয়ামী লীগ নেতা মনিরুজ্জামান আতু ও মনিরুজ্জামান মনি, পুলিশের এস আই হাবিবুর রহমান, সাংবাদিক নেতা আমিরুল ইসলাম অল্ড্রাম, রমজান আলী, সমবায়ী নেতা আবুল কাশেম প্রমূখ।

স্বাগত বক্তব্য রাখেন এবং অনুষ্ঠান পরিচালনা করেন গাংনী উপজেলা সমবায় অফিসার মাহবুবুল হক মন্টু।

আলোচনা শেষে ২০১৯ সালের জন্য উপজেলার শ্রেষ্ঠ সমবায় সমিতি হিসেবে চাঁদপুর সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ এবং নাগদারখাল

পানিব্যাবস্থাপনা সমবায় সমিতি লি: কে পুরস্কৃত করা হয়।

এর আগে গাংনী উপজেলা সমবায় অফিসারের উদ্যোগে অনুষ্ঠানে উপস্থিত সকলের জন্য মাস্ক বিতরণ করা হয়।

মেহেরপুরে সাবেক ক্রিকেটারদের মিলন মেলা ও প্রীতি ম্যাচ

মেহেরপুরে সাবেক ক্রিকেটারদের নিয়ে প্রীতি ম্যাচের আয়োজন করেন মেহেরপুর পৌরসভার মেয়র ও জেলা যুবলীগের আহ্বায়ক মাহফুজুর রহমান রিটন।

শনিবার সকালে মেহেরপুর সরকারি উচ্চ বিদ্যালয় মাঠ প্রাঙ্গনে খেলাটি অনুষ্ঠিত হয়েছে।

মেহেরপুর লায়ন’স একাদশের দেওয়া ১৫০ রানের টার্গেটে ব্যাট করে মেহেরপুর টাইগার’স একাদশ জয়ী হন। বিজয়ীর দলের পক্ষে মেয়র মাহফুজুর রহমান রিটন সর্বোচ্চ ৪০ রান করে ম্যান অব দ্যা ম্যাচ হয়েছে। খেলার শেষে সাবেক খেলোয়াড়দের হাতের সম্মানী স্মারক তুলে দেওয়া হয়।

মেহেরপুর টাইগার’স একাদশে ছিলেন মেয়র মাহফুজুর রহমান রিটন, শামীম বশির, আব্দুস সামাদ, মাসুদ করিম ধলস, সোহেল আহমেদ, শেখ কামাল, নাজমুস সাদাত, ফয়সাল ফয়েজী, নজরুল ইসলাম, টিটু, হি, ওয়াহেদ, রাজিব, গাজ্জালী, নাহিদ, সরফদ্দিন, রিমন, রানা, বাবু, জুয়েল, আসলাম।

এবং মেহেরপুর লায়ন’স একাদশে ছিলেন প্যানেল মেয়র শাহিনুর রহমান রিটন, ইমদাদুল হক, নকিব হেলালি মুকুল, শামসুজ্জামান শামীম, আলমাস সাঈদ, জাহিদুল ইসলাম, নাজিম উদ্দিন, সোহেল, মিলন, স্বপন, তুহিন, উজ্জ্বল, রিপন, মাসুম, লিটন, টোকন, ছোট টিটু, কালাম, রেদাউন, নাহিদ, দৌলত হোসেন, জিয়ারুল ইসলাম।

মুজিবনগরে মোবাইল ফোন রিয়েলমি ব্রান্ড সপ হ্যালো মুজিবনগর শোরুমের উদ্ধোধন

মেহেরপুর জেলার মুজিবনগর উপজেলার প্রাণ কেন্দ্র কেদারগন্জ বাজারে মোবাইল ফোন রিয়েলমি এর ব্রান্ড সপ হ্যালো মুজিবনগর শোরুমের উদ্ধোধন করা হয়েছে।

শনিবার দুপুরে কেদারগন্জ বাজারের মুজিবনগর সরকারি মাধ্যমিক বিদ্যালয় মার্কেটে কেদারগন্জ বাজার কমিটির সভাপতি কুতুবউদ্দীন মল্লিক, রিয়েলমি মোবাইল ফোনের চুয়াডাঙ্গা ডিলার মাইনুল হাসান রিপন,রিয়েলমি চুয়াডাঙ্গা টেরিটরি সেলস ম্যানাজার অনিক হাসান, বামুন্দী রিটেলার রবিউল ইসলাম,ফারুক লাইব্ররী এন্ড টেলিকম এর সত্বাধীকারি ফারুক হোসেন, ফিতা ও কেক কেটে নতুন এই মোবাইল শোরুমের উদ্ভোধন করেন।

পরে সরুমের ভিতরে দোয়ার আয়োজন করা হয়।

মুজিবনগরে ৪৯ তম জাতীয় সমবায় দিবস পালিত

“বঙ্গবন্ধুর দর্শন,সমবায়ে উন্নয়ন” এ প্রতিপাদ্য বিষয়কে সামনে রেখে পতাকা উত্তোলন ও আলোচনা সভার মধ্যে দিয়ে মুজিবনগরে যথাযথ মর্যাদায় পালিত হয়েছে ৪৯ তম জাতীয় সমবায় দিবস।

শনিবার সকালে দিবসটি উপলক্ষে মুজিবনগর উপজেলা পরিষদ প্রাঙ্গনে জাতীয় পতাকা ও সমবায় পতাকা উত্তোলন করা হয়।জাতীয় পতাকা উত্তোলন করেন মুজিবনগর উপজেলা চেয়ারম্যান জিয়াউদ্দীন বিশ্বাস ও উপজেলা

নির্বাহী অফিসার সুজন সরকার। এদিকে জাতীয় পতাকার সাথে সাথে সমবায় পতাকা উত্তোলন করেন মুজিবনগর উপজেলা সমবায় অফিসার অশোক কুমার।

পরে উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকারের সভাপতিত্বে পরিষদ হলরুমে সমবায় দিবসের আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এ সময় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা চেয়ারম্যান জিয়াউদ্দীন বিশ্বাস।

বিশেষ অতিথি ছিলেন ভাইস চেয়ারম্যান রফিকুল ইসলাম মোল্লা,মহিলা ভাইস চেয়ারম্যান আফরোজা খাতুন,সাবেক উপজেলা ভাইস চেয়ারম্যান কামরুল হাসান চাদু।
উপজেলা তথ্য সেবা কর্মকর্তা তানিয়া খন্দকারের সন্চালনায় অন্যদের মধ্যে বক্তব্য রাখেন সু-প্রতিবেশী মহিলা সমবায় সমিতির সভাপতি রেহেনা খাতুন,নাজিরাকোনা সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতি লিমিটেড ম্যানাজার আতিয়ার রহমান,বীর মুক্তিযোদ্ধা আমজাদ হোসেন,গোপালনগর কো-অপারেটিভ ম্যানাজার গোলাম মাহাফুজ প্রমুখ।

মেহেরপুর জেলা বিএনপির উদ্যোগে বিপ্লব ও সংহতি দিবস পালিত

মেহেরপুরে জেলা বিএনপি উদ্যোগে বিপ্লব ও সংহতি দিবস পালন করা হয়েছে।

আজ ৭ই নভেম্বর সকাল সাড়ে দশটার সময় মেহেরপুর জেলা বিএনপির কার্যালয়ের সামনে দিবসটি উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

এ সময় জেলা বিএনপির সভাপতি মাসুদ অরুন বলেন, অবিলম্বে দেশের সংকট মোকাবেলায় নিরপেক্ষ নির্বাচনের মধ্য দিয়ে জনগণের ভোটের অধিকার প্রতিষ্ঠা করতে হবে। গণমাধ্যমের স্বাধীনতা দিতে হবে। করোনাকালীন সময়ে লক্ষ-কোটি বেকার যুবকের কর্মসংস্থানের ব্যবস্থা করতে হবে। পররাষ্ট্রনীতিতে বিদেশের প্রভুত্বনীতি বর্জন করতে হবে।

তিনি আরও বলেন, ৭ই নভেম্বরের চেতনায় দেশ বাঁচাও মানুষ বাঁচাও এই সংগ্রামে সকলকে অংশগ্রহণ করতে হবে।

আলোচনা সভায় আরও বক্তব্য রাখেন, জেলা বিএনপির সহ-সভাপতি শেখ সাঈদ, মুজিবনগর উপজেলা বিএনপির সভাপতি আমিরুল ইসলাম, পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক (মুজিবনগর) আব্দুর রশিদ, যুগ্ম সম্পাদক আরজুল্লাহ মাস্টার বাবলু, মুজিবনগর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক বদরুদ্দিন বিশ্বাস, জেলা বিএনপির দপ্তর সম্পাদক আবু সুফিয়ান হাবু, সদর উপজেলা বিএনপির শাহাবুদ্দিন মোল্লা,

জেলা যুবদলের সভাপতি জাহিদুল হক জাহিদ, সাধারণ সম্পাদক কাওছার আলী, জেলা স্বেচ্ছাসেবক দলের সভাপতি তোফায়েল আহমেদ, সাধারণ সম্পাদক আজমল হোসেন মিন্টু, জেলা কৃষকদলের যুগ্ম সম্পাদক আরমান আলী, সদর উপজেলা যুবদলের আহবায়ক লিয়াকত আলী, মুজিবনগর উপজেলা যুবদলের আহবায়ক আবুল হাসান, সদস্য সচিব আনোয়ারুল ইসলাম, জেলা ছাত্রদলের মুজিবনগর উপজেলা আহবায়ক আকিব জাভেদ সেনজিন, সদর উপজেলার আহবাহক বখতিয়ার খালিদ বুলবুল, পৌর ছাত্রদলের আহবায়ক তৌফিক এলাহী, সরকারী কলেজ ছাত্রদলের আহবায়ক ফাহিম আহনাফ লিংকন সহ জেলা ও অঙ্গ সংগঠনের নেতৃবৃন্দ।

মেহেরপুর জেলা প্রেসক্লাবের বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত

মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সাধারণ সভা অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার দুপুরে গাংনীর ভাটপাড়া ইকো পার্কে অনুষ্ঠিত সাধারণ সভায় সভাপতিত্ব করেন জেলা প্রেসক্লাবের সভাপতি তোজাম্মেল আযম। অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন সাধারণ সম্পাদক ও ইত্তেফাক প্রত্রিকার প্রতিনিধি মাহাবুব চাদু। এসময় জেলা প্রেসক্লাবের সহ-সভাপতি নাসের চৌধরী (টাইমস বার্তা), যুগ্ম সম্পাদক মো. আক্তারুজ্জামান (মানবজমিন/বাংলাটিভি), অর্থ-সম্পাদক দিলরুবা খাতুন (বাসস ও প্রতিদিনের সংবাদ), গণযোগাযোগ সম্পাদক এ সিদ্দিকী শাহীন (দিনের

খবর) ও দপ্তর সম্পাদক মাসুদ রানা (আমাদের অর্থনীতি/মাথাভাঙ্গা), নির্বাহী সদস্য মুহাম্মদ মহসীন (মাটির ডাক), হারুন অর রশিদ রবি (দৈনিক দিনকাল) ও শাকিল রেজা (দৈনিক অধিকার)।

এছাড়াও সাধারণ সদস্য ড. আমানুর আমান (ডেইলি স্টার), ইয়াদুল মোমিন (কালের কণ্ঠ), মর্তুজা ফারুক রুপক (ভোরের কাগজ), পাভেল মাহমুদ (জবাবদিহি), তোফায়েল আহমেদ (মেহেরপুর নিউজ), শহিদুল ইসলাম (মেহেরপুর প্রতিদিন), চ্যানেল ৪ এর এম এ লিংকনসহ সকল সদস্যরা উপস্থিত ছিলেন।

পরে মেহেরপুর জেলা প্রেসক্লাবের বার্ষিক সাধারণ সভা শেষে মধ্যাহ্নভোজে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা পরিষদের চেয়ারম্যান ও উপজেলা আওয়ামী লীগের সভাপতি আলহাজ গোলাম রসুল এবং মেহেরপুর পৌর মেয়র ও জেলা যুবলীগের আহবায়ক মাহফুজুর রহমান রিটন, প্যানেল মেয়র শাহিনুর রহমান রিটন, ড. স্বাধীনসহ অনেকে। সভায় নতুন তিনজনকে সাধারণ সদস্য পদ দেওয়া হয় এবং সংগঠণের শৃঙ্খলা ভঙ্গ করায় ৭ জনের সদস্য বাতিল করা হয়।